দৈনিক সংবাদ

৬০১

তারিখ ... ... NOV. 03 1999

পৃঃ ৭ ... কলাম ১ ...

## সরকারি নির্দেশ অমান্য করে

বাহুবল থেকে নিজস্ব সংবাদদাতা ঃ সরকারি নির্দেশ অমান্য করে বাহুবলের টিএনও মোঃ আবদুর রউফ একটি মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের ৩ মাসের বেতনভাতা প্রদান করেছেন। ঘটনাটি সরকারি নির্দেশের কার্যকারিতা নিয়ে প্রশ্ন তুলেছে।

প্রকাশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শিমশাঃ ১৬/বিবিধ-৫৯/৯৮/৬৪৪ (৪) (তারিখ ২০-৬-৯৯) মোতাবেক এক পত্রে বাহুবল থানার দ্বিমুড়া রাহমানিয়া মাদ্রাসার আলিম ও ফাজিল স্তরের শিক্ষক-কর্মচারীদের বেতনভাতার সরকারি অংশের টাকা চলতি বছরের ১লা মে থেকে স্থগিত রাখার নির্দেশ দেয়া হয়। কিন্তু টিএনও রহস্যজনক কারণে সরকারি নির্দেশ কার্যকর করেননি।